

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
কর্মসংস্থান শাখা-০২

নং-৪৯.০০.০০০০.০৪৪.১৮.০৮৯.১৬. ১১৫

তারিখঃ ০১/২০১৭ খ্রিঃ।

বিষয় : রিক্রুটিং এজেন্সী মেসার্স গ্রীণল্যান্ড (আর.এল-০৪০) এর অনুকূলে সৌদি আরবের নিয়োগকর্তা Nesma Trading Co. Ltd. এর অধীনে বিভিন্ন পদে ৪১ (একচল্লিশ) জন কর্মীর নিয়োগানুমতি প্রদান।

উপর্যুক্ত বিষয়ে রিক্রুটিং এজেন্সী মেসার্স গ্রীণল্যান্ড (আরএল-০৪০)-এর আবেদনের প্রেক্ষিতে সৌদি আরবের Nesma Trading Co. Ltd. এর অধীনে বিভিন্ন পদে ৪১ (একচল্লিশ) জন কর্মীর নিয়োগানুমতি নিম্নলিখিত শর্তসাপেক্ষে নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো :

কোম্পানীর নাম	পদের নাম	কর্মী সংখ্যা	বেতন(মাসিক)	অন্যান্য সুবিধাদি
Nesma Trading Co. Ltd	Laborer	১৮ (আঠার) জন	৮০০ সৌদি রিয়াল	বাসস্থান, যাতায়াত এবং চিকিৎসা ফ্রি; চুক্তির মেয়াদ- ০২ বছর; কর্মঘন্টা- ৮ ঘন্টা;
	General Plumber	০৪ (চার) জন	১২০০ সৌদি রিয়াল	বিমান ভাড়া- উভয় পথ ফ্রি ; চাকুরির অন্যান্য শর্তাবলী সৌদি আরবের শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।
	General Cleaning	১৫ (পনের) জন	৮০০ সৌদি রিয়াল	বাসস্থান, আহাৰ, যাতায়াত, পোশাক এবং চিকিৎসা ফ্রি; চুক্তির মেয়াদ- ০২ বছর; কর্মঘন্টা- ৮ ঘন্টা;
	General Building Carpenter	০৪ (চার) জন	১২০০ সৌদি রিয়াল	বিমান ভাড়া- উভয় পথ ফ্রি ; চাকুরির অন্যান্য শর্তাবলী সৌদি আরবের শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।

সর্বমোট=৪১(একচল্লিশ) জন।

শর্তাবলী :

- প্রতি ফ্লাইটে রিক্রুটিং এজেন্সীর একজন প্রতিনিধি কর্মীদের সঙ্গে সৌদি আরবে যাবেন অথবা সংশ্লিষ্ট বিমান বন্দরে কর্মীদের গ্রহণ করার জন্য রিক্রুটিং এজেন্সীর একজন প্রতিনিধি আবশ্যিকভাবে উপস্থিত থাকবেন।
- প্রত্যেক গ্রুপে বাংলাদেশের কর্মীরা সৌদি আরবে পৌঁছার পর রিক্রুটিং এজেন্সী এ মন্ত্রণালয়, বিএমইটি এবং রিয়াদস্থ বাংলাদেশ দূতাবাসে প্রতিবেদন দাখিল করবে।
- বহির্গমন ছাড়পত্র ইস্যু করার পূর্বে নির্বাচিত প্রত্যেক কর্মীর সঙ্গে নিয়োগ চুক্তি স্বাক্ষর করতে হবে।
- বহির্গমন ছাড়পত্র প্রদানের পূর্বে বিএমইটিতে চাহিদা পত্র/ক্ষমতা পত্র ও অন্যান্য মূল কাগজপত্রের কপি দাখিল করতে হবে। বিএমইটি প্রাসঙ্গিক তথ্যাদি ও কাগজপত্র যাচাইপূর্বক ছাড়পত্র প্রদান করবে।
- কর্মীর ভিসা এবং ফ্লাইট নিশ্চিত হওয়া সাপেক্ষে রিক্রুটিং এজেন্সী কর্তৃক অভিবাসন ব্যয় বাবদ ১,২৩,০০০/- (এক লক্ষ তেইশ হাজার) টাকা কর্মীর নিকট হতে চেক/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে গ্রহণ করা যাবেএবং কোনক্রমেই অতিরিক্ত অর্থ গ্রহণ করা যাবে না।
- চুক্তিপত্রের কোন শর্ত লঙ্ঘন হলে অথবা কর্মীরা সংশ্লিষ্ট কোম্পানীতে চাকুরী না পেলে অথবা কর্মীকে প্রস্তাবিত বেতন-ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা না দেয়া হলে সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সীকে কর্মীর থাকা খাওয়ার খরচ ও প্রত্যাভাসন ব্যয়সহ কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত ক্ষতিপূরণ প্রদানে বাধ্য থাকবে মর্মে ৩০০/= (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দাখিল করতে হবে।
- চাকুরির শর্তাবলী সৌদি আরবের শ্রম আইনের বিধানের সঙ্গে সঙ্গতিপূর্ণ হতে হবে।
- এ নিয়োগ সম্পন্ন করে এ মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।
- সৌদি ভিসার অনলাইন সিস্টেম (Enjaz IT) থেকে হালনাগাদ তথ্য যাচাই করতে হবে।
- বিমান ভাড়াসহ অন্য কোন ফি প্রযোজ্য না হলে তা কর্মীর উপর বর্তাবে না।
- দক্ষতা ভিত্তিক ট্রেডে কর্মী প্রেরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট দক্ষতার বিষয়টি নিশ্চিত হয়ে Smart Card ইস্যু করতে হবে।

(মোঃ সামছুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৫৫১৩৮৬৬৩

ইমেইলঃ sasemployment2@probashi.gov.bd

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-

১. যুগ্মসচিব (মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৪. কাউন্সেলর (শ্রম), বাংলাদেশ দূতাবাস/কনস্যুলেট জেনারেল, রিয়াদ/জেদ্দা, সৌদি আরব।
৫. সহকারী প্রোগ্রামার, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
৬. যুগ্মসচিব (কর্মসংস্থান) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৭. স্বত্বাধিকারী, মেসার্স গ্রীণল্যান্ড (আরএল-০৪০), ৫৪/বি, ইনার সার্কুলার ভিআইপি রোড, শান্তিনগর, ঢাকা-১২১৭।
৮. অফিস কপি।

(মোঃ সামছুল হুসেন)
সিনিয়র সহকারী সচিব